তারিখ ... 17 SEP 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা ৫২

# ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

৪৭ দিনের অনির্ধারিত বন্ধের পর ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে। হল-গুলো খুলে দেয়া হয়েছে গতকাল। তবে অন্যান্যবারের মতো এবার হলগুলোতে কোন নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া হয়নি। আবাসিক ছাত্র-

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)



হলে প্রবেশের আগে শামসুন্নাহার হলের ছাত্রীরা গেটে খাতা সই করছে
—দৈনিক বাংলা

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

ছাত্রীদের অল্পসংখ্যকই হলে ফিরেছে।

গতকাল সকাল দশটায় হলগুলো ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হয়। অন্যান্যবারের মতো এবার হল গেটে কোন পুলিশ প্রহরা ছিল না। হলে প্রবেশের সময় ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করা হয়নি। হল গেটে প্রভোস্ট বা হাউজ টিউটরদের দেখা যায়নি। ঢাকায় অবস্থানকারী ছাত্র-ছাত্রীরাই মূলতঃ গতকাল হলে ফিরে আসে।

ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির অভিযোগ রয়েছে এ রকম অনেককে গতকালই বিভিন্ন হলে দেখা গেছে বলে ছাত্ররা জানিয়েছেন।

গতকাল মধুর ক্যান্টিনে দীর্ঘদিন পরে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের দেখা গেছে। সকাল এগারটার দিকে বিশ্ববিদ্রালয় থেকে বহিস্কৃত একজন ছাত্রনেতা মধুর ক্যান্টিনে এসে উস্কানিমূলক বক্তৃতা দিতে শুরু করলে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়।

**ছাত্রদলের সমাবেশ**

জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদল নেতা ইলিয়াস আলী, হাবিব-উন-নবী সোহেল, আলী আক্কাস নাদিম।

ইলিয়াস আলী তার বক্তৃতায় ছাত্রলীগকে (শা-আ) হুঁশিয়ার করে দিয়ে বলেন, ছাত্রদল যে কোন সময় সন্ত্রাসের জবাব দিতে পারে। তিনি বলেন, আমরা ইচ্ছে করলে পাঁচ মিনিটের মধ্যে ছাত্রলীগকে ক্যাম্পাস ছাড়া করতে পারি।